

# “সাওম পালনকারীর মুখের গন্ধ আল্লাহর কাছে মিশকের চেয়েও সুস্বাণযুক্ত”

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু। বিসমিল্লাহির রাহমানির রাহিম।  
আজকের আলোচনার বিষয়, “সাওম পালনকারীর মুখের গন্ধ আল্লাহর কাছে মিশকের  
চেয়েও সুস্বাণযুক্ত”

একটি হাদিস, বুখারি ১৮৯৪, ১৯০৪; মুসলিম ১১৫১, তিরমিজি ৭৬৪, নাসাই  
২২১৫, আবু দাউদ ২৩৬৩ঃ

হযরত আবু হুরায়রা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা) বলেছেন,  
মহাপরাক্রমশালী আল্লাহ বলেছেন, “বনি আদমের প্রত্যেকটি আমল তার নিজের জন্য,  
সাওম ছাড়া। কারণ তা আমার জন্য, এবং আমি তার প্রতিদান দেব।” আর ‘সাওম হচ্ছে  
পাপ থেকে ঢালস্বরূপ’। অতএব তোমাদের কেউ সাওম পালন করলে, সে যেন খারাপ  
কথা না বলে, চাঁচামেচি না করে, যদি কেউ তাকে গালি দেয় বা তার সাথে ঝগড়া করে  
তাহলে তার বলা উচিত, ‘আমি সাওম পালন করছি’। যার হাতে মুহাম্মদের জীবন, সাওম  
পালনকারীর মুখের গন্ধ আল্লাহর কাছে মিশকের চেয়েও সুস্বাণযুক্ত। সাওম পালনকারীর  
জন্য দুটি আনন্দ যা সে লাভ করবে।

একটি হচ্ছে, সে ইফতারের সময় খুশি হয়। আর দ্বিতীয় আনন্দটি সে লাভ করবে,  
যখন সে তার প্রভুর সাথে সাক্ষাত করবে, তখন সে তার সাওম পালন করার কারণে  
আনন্দিত হবে।

রমজান মাসে সাওম পালনের মাধ্যমে আল্লাহ পাক আমাদেরকে পাপমুক্ত ও ক্ষমা করুন।

---

আমিন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারকাতুহ

---

morningbrightness.fi